

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
শৃঙ্খলা বিষয়ক শাখা  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)

নম্বর- ৩৭.০০.০০০০.৯৫.২৭.২১.২০২৩.৩৫৬

তারিখ: ১৫ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ  
৩০ জুলাই ২০২৩ খ্রি.

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব মনির হোসেন মোল্লা, সহকারি শিক্ষক (বাংলা), চাঁদপুর গভ: টেকনিক্যাল হাই স্কুল, চাঁদপুর (সাবেক, সহকারি শিক্ষক, রামগঞ্জ এম.ইউ. সরকারি উচ্চ বিদ্যালয়, রামগঞ্জ, লক্ষ্মীপুর) কর্তৃক ১৪ বছর বয়সী জনাব মো: ইয়াসিন আরাফাত জীবন কে কান ধরে বেঞ্চ থেকে উঠিয়ে আনা এবং পরীক্ষার হলে সব শিক্ষার্থীর সামনে বেত্রাঘাতের মাধ্যমে আহত করার অভিযোগ প্রমাণিত হওয়ায় তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করা হয় এবং কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি উক্ত নোটিশের জবাব প্রদান করেন, ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণের ইচ্ছা ব্যক্ত করেন এবং গত ১১/০৭/২০২৩ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু, তার দাখিলকৃত জবাব, ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত বক্তব্য, বিভাগীয় মামলার প্রাসঙ্গিক রেকর্ডপত্রাদি ও সার্বিক পর্যালোচনায় তাকে “তিরস্কার” লঘুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, জনাব মনির হোসেন মোল্লা, সহকারি শিক্ষক (বাংলা), চাঁদপুর গভ: টেকনিক্যাল হাই স্কুল, চাঁদপুর এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) অনুযায়ী “অসদাচরণ” এর অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার ৪(২)(ক) অনুযায়ী “তিরস্কার” সূচক লঘুদণ্ড প্রদান করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

১১/০৭/২০২৩

(সোলেমান খান)


সচিব

নম্বর- ৩৭.০০.০০০০.৯৫.২৭.২১.২০২৩.৩৫৬/১(৫)

তারিখ: ১৫ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ  
৩০ জুলাই ২০২৩ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (জনাব মনির হোসেন মোল্লা এর ব্যক্তিগত নথিতে/ডোসিয়ারে প্রজ্ঞাপনটি সংরক্ষণের অনুরোধসহ)।
- ২। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। উপসচিব (সরকারি মাধ্যমিক-২), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা .....
- ৬। প্রধান শিক্ষক, চাঁদপুর গভ: টেকনিক্যাল হাই স্কুল, চাঁদপুর।
- ৭। প্রধান শিক্ষক, রামগঞ্জ এম.ইউ. সরকারি উচ্চ বিদ্যালয়, রামগঞ্জ, লক্ষ্মীপুর।
- ৮। জনাব মনির হোসেন মোল্লা, সহকারি শিক্ষক (বাংলা), চাঁদপুর গভ: টেকনিক্যাল হাই স্কুল, চাঁদপুর।

  
(মো: শাহিনুর ইসলাম)  
উপসচিব  
ফোন: ২২২৩৩৫৪২৬৫